

Times Today BD

শিবলী রহমান শিপু | দেশজুড়ে | 19 April, 2025

সিরাজগঞ্জের তাড়াশে এক পিকআপ চালকের গলাকাটা লাশ উদ্ধার করেছে তাড়াশ থানা পুলিশ। নিহতের নাম রাসেদুল ইসলাম (৪০)। সে তাড়াশ পৌর সদরের ওয়াপদাবাধ এলাকার আব্দুল কাদেরের ছেলে ও পিকআপ ভ্যানের চালক।

তাড়াশ-রানীরহাট অঞ্চলিক সড়কের আসানবাড়ি নামক স্থানে রাতের যে কোনো এক সময় দুষ্কৃতিকারীরা তাকে জবাই করে হত্যা করে রাস্তার পাশে লাশ ফেলে চলে যায় বলে ধারণা করেছে পুলিশ।

শনিবার (১৯ এপ্রিল) সকালে পথচারিরা তার লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দিলে, পুলিশ লাশ উদ্ধার করে। বর্তমানে সুরতহাল রিপোর্ট তৈরি করে লাশের ময়নাতদন্তের জন্য প্রস্তুতি নিচ্ছেন পুলিশ।

নিহত রাসেদুল ইসরামের মা আকলিমা খাতুন জানান, গতকাল শুক্রবার রাত থেকেই নিখোঁজ ছিলেন রাসেদুল।

আজ তার লাশ পাওয়া গেল। তবে কি কারণে তাকে হত্যা করা হয়েছে এ বিষয়ে তারা কিছুই জানেন না।

তাড়াশ থানার অফিসার ইন চার্জ (ওসি) মো. জিয়াউর রহমান বলেন, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিরাজগঞ্জে শহীদ এম. এনসুর আলী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/across-the-country/7758071045>